জাতীয় প্রেস ক্লাব সভাপতি ও ইত্তেফাকের সিনিয়র সাংবাদিকের সম্মানে প্রেস ক্লাবের সম্বর্ধনা

যুক্তরাজ্য সফরে আসা বাংলাদেশের জাতীয় প্রেস ক্লাবের সভাপতি শওকত মাহমুদ ও ঢাকা থেকে প্রকাশিত বহুল প্রচারিত বাংলা দৈনিক ইত্তেফাকের সিনিয়র সাব এডিটর ফরিদা ইয়াসমিনের সম্মানে লন্ডন বাংলা প্রেস ক্লাবের উদ্যোগে গত ২২ জুলাই বৃহ?তিবার এক সম্বর্ধনা ও মত বিনিময় সভার আয়োজন করা হয়। পূর্ব লন্ডনে মন্টিফিওরি সেন্টারে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন প্রেস ক্লাবের সভাপতি ও সাপ্তাহিক সুরমার প্রধান সম্পাদক মোহাম্মদ বেলাল আহমেদ। সভা উপস্থাপনার দায়িত্বে ছিলেন ক্লাবের সাধারণ সম্পাদক মুহাম্মদ আব্দুস সাত্তার।

জাতীয় প্রেস ক্লাব সভাপতি শওকত মাহমুদ সভায় তাঁর বক্তব্যে জাতীয় প্রেস ক্লাব ও লন্ডন বাংলা প্রেস ক্লাবের মধ্যে সুনির্দিষ্ট কিছু কর্মসূচির ভিত্তিতে একটি স্থায়ি পারিবারিক যোগসূত্র স্থাপনের প্রস্তাব রাখেন এবং সভায় তা সর্বসম্মতভাবে গৃহীত হয়। শওকত মাহমুদ বাংলাদেশ ও যুক্তরাজ্যের এই দু'টি প্রধান প্রেস ক্লাবের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষর ও সে অনুযায়ি কিছু সুনির্দিষ্ট কর্মসূচি হাতে নেয়ার প্রস্তাব করেন। তিনি বলেন, উভয় দেশের বাংলা সাংবাদিকতার মধ্যে একটি জানালা খুলে দেয়ার প্রয়োজন রয়েছে, যাতে করে আমরা উভয় দেশের বাংলা মিডিয়া কর্মীরা পরস্পর সম্পর্কে আরও ভালো করে জানার সুযোগ পাই এবং দু' দেশের জনগণের কল্যাণে আরও কার্যকর ও সমন্বিত পদক্ষেপ নিতে সক্ষম হই। তিনি বলেন, দুই প্রেস ক্লাব ঢাকা ও লন্ডনে ট্রেনিং কর্মসূচির আয়োজন করতে পারে, প্রযুক্তিগত উৎকর্ষতা সম্পর্কে পরস্পরকে অবহিত করতে পারে এবং সেই সুবিধার ভাগিদার করার ব্যাপারে পর?রকে সহায়তা দিতে পারে। চলতি দফা তাঁর লন্ডনে অবস্থানকালেই লন্ডন বাংলা প্রেস ক্লাবের সভাপতি ও সাধারণ সম্পাদক সমঝোতা স্মারক স্বাক্ষর করার বিষয় নিয়ে তাঁর সাথে আলোচনা করবেন বলে সভায় সিদ্ধান্ত হয়।

শওকত মাহমুদ তাঁর বক্তব্যে চলতি বছরের অক্টোবর-নভেম্বর নাগাদ বাংলাদেশ সফরে যাবার জন্যে লন্ডন বাংলা প্রেস ক্লাবের একটি প্রতিনিধি দলকে আমন্ত্রণ জানান। তিনি বলেন, জাতীয় প্রেস ক্লাবের তত্ত্বাবধানে এই প্রতিনিধিদলের চট্টগ্রাম ও কক্সবাজার পরিদর্শন ও সেখানে বিভিন্ন কর্মসূচিতে অংশ গ্রহণের সার্বিক ব্যবস্থা করা হবে। শওকত মাহমুদ বাংলাদেশে বর্তমান সাংবাদিকতার পরিস্থিতি বর্ণনা করতে গিয়ে অভিযোগ করেন, বর্তমান আওয়ামী লীগ সরকারের আমলে দেশে সাংবাদিক নির্যাতনের মাত্রা আগের চেয়ে বেশ খানিকটা বেড়েছে। মুক্ত সাংবাদিকতার পথে দেশে অন্তরায় সৃষ্টি হয়েছে বলে তিনি মন্তব্য করেন। তিনি বলেন, সরকার বিরোধী বলে পরিচিত দৈনিক আমার দেশ বা চ্যানেল ওয়ান বন্ধ করার ঘটনাই যে শুধু ঘটেছে, তা নয়, দৈনিক প্রথম আলো, যুগান্তর ও সমকালের সাংবাদিকরাও নির্যাতনের শিকার হচ্ছেন। যমুনইটভির প্রচারও করতে দেয়া হয়নি। জনগুরুত্ব সম্পন্ন কোন খবরের সাথে সম্পর্কিত গুরুত্বপূর্ণ তথ্যের অনুসন্ধানী সব সাংবাদিক সরকারের বা সরকার দলের ব্যক্তিবর্গের রোষানলের শিকার হচ্ছেন। ২০০৯ সালে এক হাজারেরও বেশি সাংবাদিক হামলায় আহত হয়েছেন এবং এই সময়ে প্রাণ হারিয়েছেন তিন জন সাংবাদিক-এই তথ্য তুলে ধরে শওকত মাহমুদ বলেন, এই পরিস্থিতি থেকে উত্তরণের জন্যে বাংলাদেশের সাংবাদিকরা এখন লড়ে চলেছেন। তিনি বলেন, মুক্ত বিশ্বে আপনারা যারা বাংলা সাংবাদিকতায় রয়েছেন, সে লড়াইয়ে আমরা আপনাদের সমর্থন চাই।

দৈনিক ইত্তেফাকের সিনিয়র সাব এডিটর ফরিদা ইয়াসমিনও তাঁর বক্তব্যে বাংলাদেশ ও যুক্তরাজ্যের প্রধান দু'টি প্রেস ক্লাবের মধ্যে একটি ঘনিষ্ঠ ও কার্যকর যোগাযোগ প্রতিষ্ঠার ওপর গুরুত্ব আরোপ করেন। তিনি বলেন, আমাদের জাতীয় প্রেস ক্লাব ও লন্ডন বাংলা প্রেস ক্লাব সম্মিলিতভাবে দু' দেশের বাঙালি জনগোষ্ঠির কল্যাণে অনেক অবদান রাখতে পারে। সংবাদকর্মী হিসেবে তা নিশ্চিত করা আমাদের দায়িত্ব বলেও তিনি উল্লেখ করেন।

বাংলাদেশে যুদ্ধাপরাধীদের বিচার প্রসঙ্গে মন্তব্য করতে গিয়ে জাতীয় প্রেস ক্লাবের সভাপতি এবং বিএনপির চেয়ারপারসন বেগম খালেদা জিয়ার উপদেষ্টা শওকত মাহমুদ বলেন, এই বিচার কাজ সরকার দলীয় সিদ্ধান্তের ভিত্তিতে করুক, আমরা সেটা চাইনা। এ সম্পর্কে সরকার সর্বদলীয় মতামতের ভিত্তিতে সিদ্ধান্ত গ্রহণ ও তার আলোকে বিচারের বিষয়টি ডিল করতে পারতো এবং সেটাই হতো উত্তম। তাঁর কাছে জানতে চাওয়া হয়, জাতীয় সংসদে যুদ্ধাপরাধীদের বিচারের জন্যে সর্বসম্মতভাবে সিদ্ধান্ত নেয়া হয়েছে এবং সরকার তার প্রেক্ষিতেই এ সম্পর্কে আইনানুগ ব্যবস্থা নিয়ে চলেছে, তাই সর্বদলীয় আরেকটি ফোরামের ব্যবস্থা করাটাকে তিনি কতটুকু যুক্তিযুক্ত মনে করেন। এর মাধ্যমে কি সংসদকে পাশ কাটানোর মনোভাব ফুটে উঠছে না? জবাবে শওকত মাহমুদের বক্তব্য, আমরা যাই বলি না কেন, দেখা যায় 'বাংলাদেশে জাতীয় সংসদ আসলে হয়ে দাঁড়ায় এক দলীয়'। এই 'এক দলীয়' সংসদে সিদ্ধান্ত নিয়ে যুদ্ধাপরাধের মতো ইস্যু নিয়ে ডিল না করে সকল দলকে সাথে নিয়ে এ ব্যাপারে সিদ্ধান্ত নিলে ভালো হতো, আমি তাই-ই বলছি। আর বর্তমান জাতীয় সংসদে যুদ্ধাপরাধীদের বিচার সম্পর্কে সর্বসম্মতভাবে যে সিদ্ধান্ত নেয়া হয়েছে, সে সময়ে বিএনপি সংসদে ছিলো না। তাই প্রধান বিরোধী দলকে এ ব্যাপারে আস্থায় নিয়ে কাজটি করার জন্যেই বলছি আমরা।

মতবিনিময় সভায় আলোচনায় অংশ গ্রহণ করেন, যুক্তরাজস্থ বাংলাদেশ হাই কমিশনের সাবেক প্রেস মিনিস্টার, বিশিষ্ট সাংবাদিক আবু মূসা হাসান, সাপ্তাহিক জনমত-এর প্রধান সম্পাদক ও লন্ডন বাংলা প্রেস ক্লাবের সাবেক সাধারণ সম্পাদক সৈয়দ নাহাস পাশা, মাসিক তৃতীয় ধারার প্রধান সম্পাদক ও প্রেস ক্লাবের তথ্য ও গবেষণা সম্পাদক ইসহাক কাজল, ইস্ট এন্ড লাইফের নজরুল ইসলাম বাসন, সাপ্তাহিক নতুন দিন-এর নির্বাহি সম্পাদক ও প্রেস ক্লাবের প্রচার ও প্রকাশনা সম্পাদক তাইছির মাহমুদ, বেতার বাংলার নিউজ এটিডর ও প্রেস ক্লাব নির্বাহি কমিটির সদস্য নিলুফার ইয়াসমিন হাসান, সাপ্তাহিক নতুন দিন-এর বার্তা সম্পাদক ও প্রেস ক্লাব নির্বাহি কমিটির সদস্য সৈয়দ আব্দুল কাদির, মাসিক লন্ডন মেইল-এর সম্পাদক এম, এ, আজিজ, সাপ্তাহিক বাংলা মিরর-এর সংবাদ কর্মী ও প্রেস ক্লাব নির্বাহি কমিটির সদস্য, সাপ্তাহিক বাংলাদেশ পত্রিকার নিউজ এডিটর মোহাম্মদ কয়েছ আলী, মাসিক মিলেনিয়ামের লন্ডন প্রতিনিধি আহাদ চৌধুরী বাবু, দৈনিক ব্রিট বাংলার রিপোর্টার ইব্রাহিম খলিল ও সাপ্তাহিক বাংলা টাইমসের মোঃ আশরাফ প্রমুখ।

ছাতক-দোয়ারাবাসীর পক্ষ থেকে মুহিবুর রহমান মানিক এমপি'কে নাগরিক সংবর্ধনা

যুক্তরাজ্যস্থ ছাতক দোয়ারাবাসীর পক্ষ থেকে পূর্ব লন্ডনের ব্রাডি সেন্টারে গত ২৫ জুলাই রবিবার বিকাল সাড়ে তিনটায় বাংলাদেশ পার্লামেন্টের ছাতক-দোয়ারা আসন থেকে মাননীয় পার্লামেন্ট মেম্বার মুহিবুর রহমান মানিক এর যুক্তরাজ্য সফর উপলক্ষে এক নাগরিক সংবর্ধনার আয়োজন করা হয়।

যুক্তরাজ্যস্থ ছাতক-দোয়ারাবাসীর এ সংবর্ধনা অনুষ্ঠানে আব্দুল ওয়াহাব এমবিই এর সভাপতিত্বে ও আলতাফুর রহমান মুজাহিদের পরিচালনায় প্রধান অতিথি ছিলেন এমপি মুহিবুর রহমান মানিক। প্রধান অতিথি তাঁর বক্তব্যে এ প্রাণঢালা সংবর্ধনার জন্য আয়োজকদের ধন্যবাদ জানান। বক্তব্যে আরো বলেন, আমি বঙ্গবন্ধুর আদর্শের রাজনীতি করি। আর শেখ হাসিনা আমার নেতা। । স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত মাত্র দশ বছর আওয়ামী লীগ সরকার ক্ষমতায় ছিল। এ দশ বছরে শিক্ষা, যোগাযোগ ও অন্যান্য ক্ষেত্রে আওয়ামী লীগের নেতৃত্বে ছাতক-দোয়ারায় যে প্রভূত উন্নয়ন সাধিত হয় তা বাকী সব সরকার মিলেও দীর্ঘ সময়ে এর কাছাকাছি পৌছতে পারেনি। বর্তমান আওয়ামী লীগ সরকার ছাতক-দোয়ারার উন্নয়নে ব্যাপকভাবে কাজ করে যাচ্ছে। এমপি মুহিবুর রহমান মানিক উন্নয়ন ক্ষেত্রে আওয়ামী লীগের বিভিন্ন সাফল্যের কথা তুলে ধরেন। বর্ষা মওসুম শেষে তার নিজ এলাকায় সরকারী উন্নয়ন কর্মসূচীগুলোর বিস্তারিত বিবরণ দেন। তিনি প্রবাসীদের চ্যারিটি প্রতিষ্ঠানের মাধ্যমে তার এলাকায় উন্নয়ন কাজে ব্যয় করার উদাত্ত আহ্বান জানান।

সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, লর্ডস সভার সদস্য ব্যারোনেস পলা মনজিলা উদ্দিন, যুক্তরাজ্য আওয়ামী লীগের সভাপতি সামসুদ্দীন খান, উপদেষ্টা মন্ডলীর সভাতি সুলতান শরীফ, যুক্তরাজ্য আওয়ামী লীগের সহসভাপতি জালাল উদ্দিন, টাওয়ার হ্যামলেটস এর মেয়র অবদ্যা কাউন্সিল মতিনুজ্জামান, লিডার অবদ্যা কাউন্সিল হেলাল উদ্দিন আব্বাস, মুহিবুর রহমান এমপি'র স্ত্রী শামীমা ফেরদৌস লুনা, সুনামগঞ্জ জেলার শ্রেষ্ঠ স্থানীয় সরকার স্বর্ণপদকপ্রাপ্ত চেয়ারম্যান গিয়াস মিয়া, লন্ডন আওয়ামী লীগের ভারপ্রাপ্ত সভাপতি এলাইছ মিয়া, কাউন্সিলর আবদাল উল্লাহ, বৃহত্তর ছাতক প্রবাসী সমিতির সভাপতি ফজল উদ্দিন।

সভায় আরো বক্তব্য রাখেন- বদরুজ্জামান শামীম, আবু লেইছ মিয়া, হরমুজ আলী, নুরুল ইসলাম এমবিই, সাবেক ওসি আহবাব মিয়া, আইয়ুব করম আলী, মারুফ চৌধুরী, মা ক ইবনে আনিছ, আনছারুল হক, সাজ্জাদ মিয়া, জামাল উদ্দিন মকদ্দুস, আওলাদ আলী রেজা, সেরিম আহমদ, মাহবুব আলম মামুন, মোশাহেদ আলী মাষ্টার, আব্দুস সালাম, চুনু মিয়া, আইয়ুব মিয়া, আমীর উদ্দিন, আমিরুল হক জমির, আব্দুর রউফ, আব্দুস সাত্তার, মোখলেছ মিয়া, কবি জাভেদ আলী, হাজী রৌশন আলী, আব্দুল কাইয়ুম পীর প্রমুখ।

Interlink

SEND YOUR URGENT DOCUMENTS AND PACKAGES TO **BANGLADESH, ASIA AND OTHER COUNTRIES**

FedEx Express

FROM*
£20

- BANGLADESH / ASIA 48-72 HOURS
- ONTIME WORLDWIDE EXPRESS DELIVERY
- CHEAPEST AND FASTEST COURIER
- RELIABLE AND SECURED
- SPECIAL DISCOUNT FOR STUDENTS
- LOCAL NEXT DAY DELIVERY

0207 247 8494
0790 498 4538
interlink8494@yahoo.com

13 Vallance Road, London, E1 5HS

Special Discount for the Students

Jahan & Co

Chartered Management Accountants

Accountants and Management Consultants

22 Osborn Street, London E1 6TD

Tel: 020 7375 0598, Fax: 020 7375 1689,

Mob: 077 6436 3146

- আমরা অতী সতর্কতা ও দক্ষতার সাথে মিনি ক্যাব, ছোট বড় ব্যবসা প্রতিষ্ঠান, কমিউনিটি সংগঠন, রেষ্টুরেন্ট, গ্রোসারী শপের যাবতীয় বুককিপিং, একাউন্টস্ এবং পেরোলের কাজসহ পেস্লীপ, P-45, P-60 ইত্যাদি করে থাকি।
- এছাড়াও হাউজিং বেনিফিট, কাউন্সিল ট্যাক্স বেনিফিট এবং বিজনেস লোনের ব্যবস্থা করি।
- আমরাই একমাত্র বাঙালী প্রতিষ্ঠান WILLS AND PROBATE করে থাকি।

নির্ভুল হিসাব, আপনার ব্যবসা'র উন্নয়নের চাবিকাঠি

জাহান এন্ড কো

একাউন্টেন্টস এন্ড ম্যানেজমেন্ট কনসালটেন্টস

আমাদের সাথে বাংলা ও সিলেটি ভাষায় কথা বলুন